গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়
শিবচর, মাদারীপুর।

স্মারক নং-উপঃস্বাঃকমঃশিব/প্রশাসন/২০২২/ তারিখঃ / /২০২২ ইং

**বিষয় ঃ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শিবচর, মাদারীপুরের স্ট্যান্ডিং কমিটির মাসিক সভার কার্যবিবরনী।**

সভাপতি ঃ ডাঃ শশাঙ্ক চন্দ্র ঘোষ, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, শিবচর, মাদারীপুর।

সভার স্থান ঃ অফিস কক্ষ, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, শিবচর, মাদারীপুর।

তারিখ ঃ ১১ /০১ /২০২২ ইং রোজ ঃ রবিবার

উপস্থিত সদস্য বর্গের নাম স্বাক্ষর রেজিষ্টারে সংরক্ষিত।

জনাব ফাহিমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ শিবচর, মাদারীপুর -এর সভাপতিত্বে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শিবচর, মাদারীপুরের স্ট্যান্ডিং কমিটির জানুয়ারী/২০২২ ইং মাসের মাসিক সভা উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকতার অফিস কক্ষে সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। পবিত্র কোরআন তেলওয়াত ও গীতা পাঠের মধ্যে দিয়ে সভা আরম্ভ হয়। একই সাথে সভার সভাপতি জনাব নুর-ই আলম চৌধুরী মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ কে উপজেলা স্বাস্থ্য বিভাগের পক্ষ হইতে তাহার বিশেষ ভুমিকা ও দিকনির্দেশনামুলক কাজের জন্য বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করেন। সংক্ষিপ্ত পরিচয় পর্বের পরে বিগত সভার কার্যবিবরনী পাঠ করে শোনানো হয় এবং কার্য বিবরনী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। সভাপতি সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে অত্র স্বাস্থ্য কমপ্লেক্সের সার্বিক সেবারমান ও সমস্যার কথা তুরে ধরে স্বাগত বক্তব্য প্রদান করেন এবং অদ্যকার সভার বিষয় ভিক্তিক আলোচনা শুরু হয়।

আলোচ্য সূচী ঃ

০১। করোনাকালীন সময়ে করোনা পরিস্থিতির সার্বিক বিষয়।
০২। হাসপাতালের সার্বিক সেবারমান।
০৩। ল্যাব পরীক্ষায় গতি আনায়ন।
০৪। ভেজালমুক্ত নিরাপদ খাদ্য তৈরি , সংরক্ষন ও ব্যবস্থাপনা বিষয়ে।
০৫। বিবিধ।

বিষয় ভিক্তিক আলোচনার বিবরনী ঃ

০১। সভায় জনাব নুর-ই আলম চৌধুরী মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ, কে করোন আইসোলেশন সেন্টার স্থাপনসহ উক্ত সেন্টারের সকল প্রকার সাহায্য সহযোগীতা এবং বিভিন্ন সঠনমূলক দিকনির্দেশনার জন্য বিশেষ ধন্যবাদ প্রদান করা হয়।

০২। অত্র হাসপাতালের সার্বিক পরিস্কার পরিচ্ছন্নতা ও সেবার মান উন্নয়নের জন্য সভায় উপস্থিত সদস্যগন সকল চিকিৎসক ও কর্মচারীদের ধন্যবাদ প্রদান করেন। একই সাথে উক্ত উন্নয়নের মান অব্যাহত রাখার জন্য সকলের প্রতি আহবান জানান।

০৩। করোনা মহামারী চলাকারীন সময়ে বিভিন্ন স্টাফ করোনয় আক্রান্ত হয় বিধায় তাদেরকে রোষ্টার পদ্ধতিতে দায়িত্ব পালনের জন্য অনুরোধ করেন। সাথে সাথে চিকিৎসা সেবা নিতে আসা ব্যক্তিদেরকে করোন মহামারী সর্ম্পকে অবহিতকরনসহ সচেতন হওয়ার পরামর্শ প্রদানের জন্য আহবান করেন।

০৪। করোনা পরীক্ষাসহ প্রয়োজনীয় সকল পরীক্ষা অত্র হাসপাতালের ল্যাবে পরীক্ষার করোনর উপর বিশেষ গুরুত্ব প্রদান করেন। এব্যাপারে পরীক্ষা সংক্রান্ত কোন যন্ত্রপাতি ও মালামারের প্রয়োজন হলে ব্যবস্থা করার অনুরোধ করেন। এব্যাপরে তাহারা সার্বিক সহযোগীতার আশ্বাস প্রদান করেন।

০৫। হাসপাতালের পরিস্কার পরিচ্ছন্নতা, ড্রেনেজ ব্যবস্থাপনা, বহিঃবিবাগে চিকিৎসা নিতে আসা ব্যক্তিদের টয়লেটে ব্যবস্থা, বিভিন্ন কমিউনিটি ক্লিনিক সমূকে যথা নিময়ে খোলা রাখারসহ প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার আহবান করেন।

০৬। সভায় উপস্থিত সদস্যগন করোনা পরিস্থিতির উপর সার্বিক আলোকপাত করেন এবং করোনা মোকাবেলায় ল্যাবরেটরী পরীক্ষা ও সঠিক নিয়ম-কানুন মেনে চলার উপর গুরুত্ব আরোপ করেন। একই সাথে ২০ শয্যা বিশিষ্ট করোনা আইসোলেশন সেন্টারের চিকিৎসা সেবার মান নিয়ে সন্তষ প্রকাশসহ আরো সেবার মান বাড়ানোর উপগুেরুত্ব আরোপ করেন।

০৭। উক্ত সভায় উপস্থিত সকলেই ভেজাল মুক্ত নিরাপদ খাদ্যের উপর গুরুত্ব আরোপ করেন। তাহারা বলেন এজন্য প্রয়োজনে হোটেল ও রেস্টেরেন্ট এর মালিক এবং কর্মচারীদের খাদ্য তৈরি , সংরক্ষন ও ব্যবস্থাপনার বিষয়ে প্রশিক্ষনের ব্যবস্থা করন।

সিদ্ধান্ত সমূহঃ

০১। করোনা মোকাবেলার জন্য জন সাধারনকে সচেতনা করনসহ সেবারমান বৃদ্ধির সচেষ্ট হুয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। অত্র হাসপাতালে একজন গাইনী কনসালটেন্ট চিকিসকের পদায়নের ব্যাপারে যথাযথ কর্তৃপকের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত হয়।

০৩। প্রয়োজনীয় ল্যাব পরীক্ষার যন্ত্রপাতি ও মালামাল প্রায়ার ব্যাপারে সিদ্ধন্ত হয়।

০৪। প্রয়োজনীয় জনবলে শূন্য পদ পূরন করার জন্য বিশেষ গুরুত্ব আরোপ করা হয়।

০৫। হাসপাতালের সেবার মানকে গতিশীল করার জন্য একটি সেল কাউন্টার মেশিন ও একটি বায়ো মেট্রিক এনালাইজার মেশিনের একান্ত প্রয়োজন।

০৬। কমিউনিটি ক্লিনিকে স্বাভাবিক প্রসবের জন্য ডেলিভারী যন্ত্রপাতির একান্ত প্রয়োজন।

০৭। হোটেল ও রেস্টেরেন্ট এর মালিক এবং কর্মচারীদের খাদ্য তৈরি , সংরক্ষন ও ব্যবস্থাপনার বিষয়ে প্রশিক্ষনের ব্যবস্থা করন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় ডাঃ শশাঙ্ক চন্দ্র ঘোষ, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, শিবচর, মাদারীপুর উপস্থিত সদস্যবর্গদের বিশেষ করে জনাব নুর-ই আলম চৌধুরী মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ, এর প্রতি বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করেন তাহার সার্বিক সহযোগীতা ও সঠিক দিকনির্দেশনার জন্য । পুনরায় উপস্থিত সকলকে ধন্যবাদ প্রদান করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/-
(ডাঃ শশাঙ্ক চন্দ্র ঘোষ)
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা
শিবচর, মাদারীপুর।
সদস্য সচিব
স্ট্যান্ডিং কমিটি
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স
শিবচর, মাদারীপুর।

(ফাহিমা আক্তার)
মহিলা ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।
ও সভাপতি
স্ট্যান্ডিং কমিটি
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স
শিবচর, মাদারীপুর।

স্মারক নং-উপঃস্বাঃকমঃশিব/প্রশাসন/২০২২/৬৮৫(৭২) তারিখঃ ১৪ / ০৩ /২০২২ ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হইলঃ

০১। জনাব নূর-ই-আলম চৌধুরী, মাননীয় সংসদ সদস্য এমপি, মাদারীপুর-০১ ও মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ ।

০২। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

০৪। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

০৫। পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকা।

০৬। সিভিল সার্জন, মাদারীপুর।

০৭। মহিলা ভাইস-চেয়ারম্যান,উপজেলা পরিষদ,শিবচর,মাদারীপুর ও সভাপতি,স্ট্যান্ডিং কমিটি,উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স,শিবচর, মাদারীপুর।

০৮। জনাব চেয়ারম্যান................................ইউনিয়ন পরিষদ ও সদস্য ,স্ট্যান্ডিং কমিটি,উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স,শিবচর, মাদারীপুর।

০৯। অফিস কপি।

স্বাক্ষরিত/-
(ডাঃ শশাঙ্ক চন্দ্র ঘোষ)
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা
শিবচর, মাদারীপুর।
সদস্য সচিব
স্ট্যান্ডিং কমিটি
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স
শিবচর, মাদারীপুর।

(ফাহিমা আক্তার)
মহিলা ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।
ও সভাপতি
স্ট্যান্ডিং কমিটি
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স
শিবচর, মাদারীপুর।

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়
শিবচর,মাদারীপুর।

স্মারক নং-উপঃস্বাঃকমঃশিব/প্রশাসন/২০২২/ তারিখঃ / /২০২২ ইং

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শিবচর, মাদারীপুরের স্বাস্থ্য বিভাগীয় স্ট্যান্ডিং কমিটির জানুয়ারী/২০২২ ইং মাসের সভার হাজিরা স্বাক্ষর সীট ঃ

সভার স্থান ঃ অফিস কক্ষ, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।

সভার তারিখ ঃ / /২০২২ ইং সময়ঃ ১১.০০ ঘটিকা।

| ক্রমিক | স্ট্যান্ডিং কমিটির সদস্য | ব্যক্তিগত পদবী | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | ফাহিমা আক্তার | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর | সভাপতি | |
| ০২ | এবিএম জাহাঙ্গীর বেপারী | চেয়ারম্যান, কাদিরপুর ইউপি শিবচর, মাদারীপুর | সদস্য | |
| ০৩ | হাজী দেলোয়ার হাওলাদার | চেয়ারম্যান, পাঁচ্চর ইউপি শিবচর, মাদারীপুর | সদস্য | |
| ০৪ | মোঃ সুরাব উদ্দিন মাতুব্বর | চেয়ারম্যান, শিরুয়াইল ইউপি শিবচর, মাদারীপুর | সদস্য | |
| ০৫ | আঃ রউফ শিকদার | চেয়ারম্যান, ভদ্রাসন ইউপি শিবচর, মাদারীপুর | সদস্য | |
| ০৬ | ডাঃ শশাঙ্ক চন্দ্র ঘোষ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা শিবচর, মাদারীপুর | সদস্য সচিব | |